# জানাযার বিধিবিধান

বিভাগ/অধ্যায়ঃ জানাযার বিধিবিধান সংক্রান্ত ৭০টি প্রশ্ন

রচয়িতা/সঙ্কলকঃ শাইখ মুহাম্মাদ ইবন সালেহ আল-উসাইমীন রহ.

৭০: ছহীহ মুসলিমে আবূ মালেক আশ‘আরী রাদিয়াল্লাহু ‘আনহু হতে বর্ণিত হাদীছে রাসূল সাল্লাল্লাহু ‘আলাইহি ওয়াসাল্লাম বলেন, ‘বিলাপকারিণী যদি তওবা না করে, তাহলে আলকাতরার পোশাক এবং খোস-পাঁচড়ার বর্ম পরিয়ে ক্বিয়ামতের দিন তাকে উঠানো হবে’।[1] উক্ত হাদীছে ‘খোস–পাঁচড়ার বর্ম’ বলতে কি বুঝানো হয়েছে?

এর অর্থ হল, তার চামড়ায় খোস–পাঁচড়া হবে। জাহান্নামের আগুনে যাতে তার কষ্টের পরিমাণ বেশী হয়, সেজন্য এই ব্যবস্থা নেওয়া হবে। আমরা আল্লাহ্‌র কাছে জাহান্নাম থেকে আশ্রয় প্রার্থনা করছি।

ফুটনোট

[1]. মুসলিম, ‘জানাযা’ অধ্যায়, হা/৯৩৪।

Source — https://www.hadithbd.com/books/link/?id=1727

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন